

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫৩৪

তারিখঃ ১৭/০৪/২০১৮ খ্রিঃ  
সময়ঃ দুপুর ৩.০০টা

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত প্রতিবেদন।**

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**১৭ এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ সন্ধ্যা ০৬টা দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি:মি: বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**পূর্বাভাসঃ** ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় বিজলী চমকানো দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্র বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। তাপ প্রবাহঃ রাজশাহী, ঢাকা ও রাঙ্গামাটি অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে.হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) :** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবনতা অব্যাহত থাকতে পারে।

**২৪ ঘন্টার বৃষ্টিপাতের পারিমাণ ( আজ সকাল ০৬ টা পর্যন্ত ) :**

ষ্টেশন	বৃষ্টিপাত (মিঃমিঃ)	ষ্টেশন	বৃষ্টিপাত (মিঃমিঃ)	ষ্টেশন	বৃষ্টিপাত (মিঃমিঃ)
ফরিদপুর	০৯	ময়মনসিংহ	১২	তাড়াশ	১৬

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩৩.৪	৩৩.২	৩৫.১	৩৬.৬	৩২.১	৩৭.২	৩৫.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২২.০	২১.৫	২১.২	২১.৭	২০.০	১৮.১	২৫.৪	২৫.০

**আজ দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রাঃ** সর্বোচ্চ তাপমাত্রা খুলনা, সাতক্ষীরা ৩৭.২° এবং সর্বনিম্ন তাপমাত্রা রংপুর ১৮.১° সেঃ।

**অগ্নিকান্ড (তথ্য-ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কন্ট্রোল রুম):** আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

(জি, এম, আব্দুল কাদের)  
যুগ্ম-সচিব (এনডিআরসিসি)  
ফোন:৯৫৪৫১১৫